

২০২৩

বাংলা — সাম্মানিক

তৃতীয় সেমেস্টার

পত্র : CC-7

(কথাসাহিত্য)

পূর্ণমান - ৬৫

প্রাপ্তিলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।

উভয় যথাসত্ত্ব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।

MURALIDHAR GIRLS' COLLEGE
LIBRARY

- ১। (ক) 'যোগাযোগ' উপন্যাসে মধুসূদন চরিত্রটি মনষাত্ত্বিক দ্বন্দ্বের মধ্য দিয়ে বাস্তব ও সজীব হয়ে উঠেছে। — যুক্তিসহ বিষয়টি
আলোচনা করো। ১০

অথবা,

- (খ) 'যোগাযোগ' উপন্যাসের নামকরণের সার্থকতা বিচার করো। ১০

অথবা,

- (গ) 'দেনাপাওনা' উপন্যাসের গঠনরীতি শিল্পসঙ্গত হয়েছে কি না তা আলোচনা করে বুঝিয়ে দাও। ১০

অথবা,

- (ঘ) 'দেনাপাওনা' উপন্যাসের যে-কোনো দুটি খলচরিত্র সম্পর্কে আলোচনা করে উপন্যাসে তাদের ভূমিকা নির্ণয় করো। ৫+৫

- ২। (ক) 'পদ্মানন্দীর মাঝি' উপন্যাসে শ্রমজীবী মানুষের জীবনযাত্রার যে পরিচয় পাওয়া যায়, তা নিজের ভাষায় লেখো। ১০

অথবা,

- (খ) কপিলা চরিত্রে আদিম নারী প্রকৃতির স্বতঃস্ফূর্ত প্রকাশ ঘটেছে। — এই ভাবনার প্রেক্ষিতে কপিলা চরিত্রটি আলোচনা করো। ১০

অথবা,

- (গ) 'অরণ্যের অধিকার' কি একটি ঐতিহাসিক উপন্যাস? যুক্তি ও তথ্যসহ বুঝিয়ে দাও। ১০

অথবা,

- (ঘ) 'অরণ্যের অধিকার' উপন্যাস অবলম্বনে অমূল্য চরিত্রটি আলোচনা করো। ১০

৩। (ক) ‘নিশীথে’ গল্পে ভৌতিক বিষয় নয়, মনোবিকারই সমষ্টি বিভিন্নের কারণ — এ কথা বলা যায় কি না গল্প অবলম্বনে যুক্তিসহ
বুঝিয়ে দাও। ১০

অথবা,

(খ) প্রেমেন্দ্র মিত্রের ‘মহানগর’ গল্প অবলম্বনে মধ্যবিত্তের জীবনে মহানগরের যে রূট বাস্তব ছবি ফুটে উঠেছে তার পরিচয়
দাও। ১০

৪। (ক) ‘যোগাযোগ’ উপন্যাসে নন্দরাণী কে? তিনি কী কারণে গৃহত্যাগ করেছিলেন? ১+৪

অথবা,

(খ) কুমুর নববিবাহিত জীবনে নীলার আংটি কী সমস্যা তৈরি করেছিল? ৫

অথবা,

(গ) “নারীর একজাতীয় রূপ আছে যাকে যৌবনের অপরপ্রাপ্তে না পৌঁছিয়া পুরুষে কোনোদিন দেখিতে পায় না।”
— প্রসঙ্গ উল্লেখ করে উক্তিটির তাৎপর্য আলোচনা করো। ৫

অথবা,

(ঘ) ‘দেনাপাওনা’ উপন্যাসে হৈমবতী চরিত্রটির প্রাসঙ্গিকতা সংক্ষেপে আলোচনা করো। ৫

৫। (ক) “হোসেন মিশ্রার গোপন মতলবের দুটো একটা খবর যে জেলেপাড়ার লোকেরা রাখে না, তা নয়।”— হোসেন মিশ্রা কে?
তার গোপন ‘মতলব’ সম্বন্ধে আলোচনা করো। ১+৪

অথবা,

(খ) “এতবড় পদ্মার বুকে জীবিকা অর্জন করা তার মত গরীব জেলের পক্ষে দুঃসাধ্য ব্যাপার।”— ‘তার’ বলতে এখানে কাকে
বোঝানো হয়েছে? উক্তিটির তাৎপর্য ব্যাখ্যা করো। ১+৪

অথবা,

(গ) “মোরে বাঁচা বীরসা। আমি শুন্দ, শুচি, নিষ্কলক্ষ হব।”— ‘অরণ্যের অধিকার’ উপন্যাস অবলম্বনে উক্তিটি বিশ্লেষণ
করো। ৫

অথবা,

(ঘ) “আমি মুগ্ধদের ছেলে ভুলাব না, কোলে দুলাব না।”— বীরসার এই উক্তির প্রেক্ষাপট ও তাৎপর্য বুঝিয়ে দাও। ৫

৬। (ক) “আমি এই একরাত্রে মহাপ্রলয়ের তীরে দাঁড়াইয়া অনন্ত আনন্দের আস্থাদ পাইয়াছি।”— ‘একরাত্রি’ গল্প অবলম্বনে উক্তিটির
তাৎপর্য বিশ্লেষণ করো। ৫

অথবা,

(খ) “আর ওই রঙচে ছাতাটা আমাদের ভালবাসা, জীবনের ব্যালাস রাখে।”— ‘এখন প্রেম’ গল্পে এটি কার উক্তি? ‘আমাদের’
বলতে এখানে কাদের বোঝানো হয়েছে? উক্তির প্রেক্ষাপটটি আলোচনা করো। ১+১+৩

৭। যে-কোনো একটি থারের উত্তর দাও।

- (ক) ‘যোগাযোগ’ উপন্যাসে গণৎকার বেঞ্চটশান্তীর ভূমিকা নির্ণয় করো।

অথবা,

‘দেনাপাওনা’ উপন্যাসে যোড়শীর জীবনে ফকির সাহেবের ভূমিকা ও প্রভাব সম্পর্কে আলোচনা করো।

- (খ) ‘পদ্মানন্দীর মাবি’ উপন্যাসে রাসুর ময়নান্দীপে গমন ও প্রত্যাবর্তনের নিয়মটি নিজের ভাষায় লেখো।

অথবা,

“উলঞ্ছানের শেষ নাই। ভগবানের শরণ নাই।”— ‘আরয়ের অধিকার’ উপন্যাস অবলম্বনে উভিটির তাৎপর্য ব্যাখ্যা করো।

- (গ) “একদা বর্ষার মেঘাধূকার রাত্রে এই ব্রহ্মণ-বালক আসত্তিতিহান উদাসীন জননী লিখ পৃথিবীর নিকট চলিয়া গিয়াছে।”— ‘অতিথি’ গল্প অবলম্বনে উভিটির তাৎপর্য বুবিয়ে দাও।

MURALIDHAR GIRLS' COLLEGE
LIBRARY

৪/১

৮। সংক্ষেপে পূর্ণবাক্যে উত্তর দাও।

- (ক) অবিনাশ ঘোষালের কত তম জন্মদিনের কথা বলে ‘যোগাযোগ’ উপন্যাসের সূচনা হয়েছে?

অথবা,

‘দেনাপাওনা’ উপন্যাসে গড়চষ্টীর সেবায়োতের নাম কী?

- (খ) মধুসূদন জহুরীর কাছ থেকে কোন কোন রঞ্জের আঁটি নিয়েছিল?

অথবা,

চণ্ডীমন্দিরে যোড়শীর আগের ভৈরবীর নাম কী ছিল?

- (গ) ‘যোগাযোগ’ উপন্যাসে হাবুলের ভালো নাম কী?

অথবা,

“হাতির সঙ্গে মশার বিবাদ”— ‘দেনাপাওনা’ উপন্যাস অনুযায়ী এখানে ‘হাতি’ ও ‘মশা’ কে?

- (ঘ) মধুসূদনের শোবার ঘর থেকে শ্যামাসুন্দরী কুশুর ফোটোগ্রাফ সরিয়ে দিয়েছিল কেন?

অথবা,

‘দেনাপাওনা’ উপন্যাসে নির্মলের পরিচয় কী?

- (ঙ) ‘পদ্মানন্দীর মাবি’ উপন্যাস কত সালের কত তারিখে প্রথাকারে প্রকাশিত হয়?

অথবা,

মুঁগারা প্রধানত কোন খাদ্য থেতে পায়?

- (চ) কুবেরের মাছ ধরার সঙ্গী কারা ছিল?

অথবা,

বীরসাদের দেবতা সিংবোঙার পুরোহিত কে ছিল?

১১১

(ছ) কেতুপুরের মেজকর্তার নাম কী?

অথবা,

“তোর ঘরে ধরতি আবা জন্ম নিল!” — কী দেখে সকলে একথা বলেছিল?

(জ) কপিলার স্বামীর নাম কী?

MURALIDHAR GIRLS' COLLEGE
LIBRARY

অথবা,

বীরসাকে কারা ধরিয়ে দিয়েছিল?

(ঝ) হোসেন মিএওয়ার পাঁচ বছরের প্রচেষ্টায় ক’টি পরিবার ময়নামীগে ঘর বেঁধেছিল?

অথবা,

‘মুগুদের হয়ে বিনা পয়সায় লড়েন।’ — এখানে কার কথা বলা হয়েছে?

(ঞ) ‘সুভা’ গল্পে তার আর দুটি বোনের নাম কী ছিল?

(ট) মতিলালবাবুর সঙ্গে তারাপদ’র কোথায় সাক্ষাৎ হয়েছিল?

(ঠ) ‘ল্যাবরেটরি’ গল্পটি রবীন্দ্রনাথের কোন গল্পগ্রন্থের অন্তর্গত?

(ড) অঞ্জনগড়ে কোন কোন জনজাতির বাস?

(ঢ) ‘পয়োমুখম’ গল্পে ভূতনাথের তৃতীয় স্তীর নাম কী?

(ণ) ‘প্লাবনকাল’ গল্পে পদ্মবুড়ির তিনজন নাতির নাম লেখো।
